৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৫৩তম (নভেম্বর ২০২৩খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | শাহিদ মাহমুদ<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী। |
| তারিখ | ঃ | ২৭ নভেম্বর ২০২৩খ্রিস্টাব্দ। |
| সময় | ঃ | বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য। |

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ১৯-১০-২০২৩খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা প্রতিনিধি জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ৬দিন খোলা রেখে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান করা হচ্ছে এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নন-ডিজিজ কন্ট্রোল রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নন-ডিজিজ কন্ট্রোল রোগীদের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>০২.উপজেলা কৃষি বিভাগঃ</u> উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্পসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। আমন মৌসুমে আগাম জাতের ধান কর্তন শেষ পর্যায় এবং ফলন আশানুরুপ হয়েছে। বিভিন্ন ধরনের কৃষি প্রণোদনা কৃষকদের মাঝে বিতরণ চলছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। এছাড়াও চলতি রবি মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ কাজ করে যাচ্ছে। | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২। চলতি রবি মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদন অর্জন করতে হবে এবং রোগ বালাই দমনে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| <u>০৩. উপজেলা মৎস্য বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় ১৪টি কর্মসম্পাদন সূচকের কার্যক্রম চলমান এবং বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় মৎস্য চাষিদের প্রশিক্ষণ, শীতকালীন মাছের রোগবালাই দমন বিষয়ে পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও রাজস্ব বাজেটের আওতায় নীলফামারী সদর উপজেলার নীলসাগর দিঘীতে ৩১৭.৫০কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। | মৎস্য চাষিদেরকে নিয়মিত পরামর্শ/ প্রশিক্ষণ প্রদান করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বিক্ষিপ্ত আকারে গবাদি পশুর স্কার্ভি/ ক্ষুরা রোগ দেখা যাচ্ছে। উক্ত রোগ প্রতিরোধে সুস্থ্য পশুকে ভ্যাকসিন প্রদান করতে হবে মর্মে বিষয়টি প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। এ পর্যায়ে ইউপি চেয়ারম্যানগণ জানান যে, বাজারে অসুস্থ্য/ রোগাক্রান্ত গরু জবাইপূর্বক মাংস বিক্রয় করা হয় মর্মে প্রায়ই শুনা যায়। এ ব্যাপারে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। পশুর স্কার্ভি/ ক্ষুরা রোগ প্রতিরোধে ভ্যাকসিন প্রদানে সচেতনতা বৃদ্ধি করতে হবে।<br>৩। পশুর স্বাস্থ্য পরীক্ষাপূর্বক জবাই করে মাংস বাজারে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |

চলমান

CamScanner

<table>
<tr>
<td><u>০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি ১,০৭,২১২ জন, পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৮৮,৬৫৩ জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৬৯%, মোট গর্ভবতী ৩৫৬৭জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব ৫৬ জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ৩৬জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগ হতে অক্টোবর ২০২৩ মাসে খাবার বড়ি ৩২,১৫১ চক্র, আপন ৮৩৪ চক্র, কনডম ১৫,৬২৭ পিস, ইনজেকশন ৩৭২০ ভায়াল, আই,ইউ,ডি ৪৯ জন, ইমপ্ল্যান্ট ৮৯ জন ও ই,সি,পি ০৮ জনকে প্রদান করা হয়েছে। এছাড়াও ০৭জন পুরুষ ও ০১জন মহিলাকে স্থায়ী পদ্ধতি পদান করা হয়েছে।</td>
<td>মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর</td>
</tr>
<tr>
<td><u>০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গত সেপ্টেম্বর ২০২৩ মাসের সভায় অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থে মাধ্যমিক বিদ্যালয়ে উচুঁ-নিচুঁ বেঞ্চ সরবরাহকরণ এবং কমিউনিটি ক্লিনিকের সাথে নতুন ৩টি ডেলিভারি রুম নির্মানের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। এছাড়াও মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত গৃহসমূহের সংযোগ ও অভ্যন্তরীণ সড়ক উন্নয়ন প্রকল্প'র আওতায় সড়ক নির্মাণের জন্য নিম্নোক্তভাবে সড়কের নাম ও আইডি উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রম</th><th>ইউনিয়নের নাম</th><th>সড়কের নাম</th><th>আইডি নম্বর</th></tr>
<tr><td>০১</td><td>গোড়গ্রাম</td><td>(০২০২) গোড়গ্রাম ধোবাডাঙ্গা আদর্শ গ্রাম আবাসন সড়ক</td><td>১৭৩৬৪৫১৯২</td></tr>
<tr><td>০২</td><td>কুন্দপুকুর</td><td>(১০০১) কুন্দপুকুর পাটকামুরী লালের পাড় আবাসন সড়ক</td><td>১৭৩৬৪৫১৯৩</td></tr>
<tr><td>০৩</td><td>ইটাখোলা</td><td>(০৯০১) ইটাখোলা চৈতন্য পাড়া গুচ্ছগ্রাম আবাসন সড়ক</td><td>১৭৩৬৪৫১৯৪</td></tr>
<tr><td>০৪</td><td>টুপামারী</td><td>(০৫০২) টুপামারী রামগঞ্জ হতে সুখধন আবাসন সড়ক</td><td>১৭৩৬৪৫১৯৫</td></tr>
<tr><td>০৫</td><td>টুপামারী</td><td>(০৫০২) টুপামারী দুবাছরী গুচ্ছগ্রাম আবাসন সড়ক</td><td>১৭৩৬৪৫১৯৬</td></tr>
</table>
উল্লিখিত সড়কের আইডিসমূহ সভায় অনুমোদনের জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন।</td>
<td>১। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় অনুমোদিত প্রকল্পসমূহ এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অনুমোদিত প্রকল্প দুটির কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত গৃহসমূহের সংযোগ ও অভ্যন্তরীণ সড়ক উন্নয়ন প্রকল্প'র আওতায় ৫টি সড়কের নাম ও আইডি নম্বর সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর।</td>
</tr>
<tr>
<td><u>০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করা হচ্ছে। মৃত ও নিরুদ্দেশ ভাতা ভোগী পুনস্থাপনের লক্ষ্যে যাচাই-বাছাই পূর্বক ইউপি চেয়ারম্যানগণকে তালিকা দাখিলের জন্য তিনি অনুরোধ করেন।</td>
<td>১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। মৃত ও নিরুদ্দেশ ভাতা ভোগী পুনস্থাপনের লক্ষ্যে যাচাই-বাছাই পূর্বক ইউপি চেয়ারম্যানগণ তালিকা দাখিল করবেন।</td>
<td>১। উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর।<br>২। চেয়ারম্যান সকল ইউপি নীলফামারী সদর</td>
</tr>
<tr>
<td><u>০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ</u> উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সেপ্টেম্বর ২০২৩ মাস পর্যন্ত সম্পাদিত কার্যক্রমসমূহের তথ্যাদি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।</td>
<td>বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর</td>
</tr>
<tr>
<td><u>০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি।</td>
<td>প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।</td>
<td>উপপরিচালক/প্রোগ্রাম অফিসার<br>মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী।</td>
</tr>
<tr>
<td><u>১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ</u> উপসহকারী প্রকৌশলী জানান যে, চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৫ম পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৪র্থ ধাপে অগভীর নলকূপের স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে জিপিএস/ এনএনজিপিএস/ পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের বাকী সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>চলমান কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।</td>
<td>উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর।</td>
</tr>
</table>

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ০১টি পরীক্ষণ বিদ্যালয় রয়েছে। ২০২৪ শিক্ষাবর্ষের জন্য ইতোমধ্যে শিশু থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য সকল বিষয়ের পাঠ্যপুস্তক গ্রহণ করা হয়েছে। তৃতীয় প্রান্তিক পরীক্ষা ২১/১১/২০২৩ তারিখ হতে ৩০/১১/২০২৩ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। পরীক্ষা শেষে মূল্যায়ন পূর্বক এসএমসি পিটিএ ও অভিভাবকগণের উপস্থিতিতে ফলাফল প্রকাশের জন্য প্রধান শিক্ষকদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণের জন্য নির্বাচিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কেন্দ্রসমূহ ভোট গ্রহণের উপযোগী করার জন্য সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ নিজ নিজ ক্লাস্টারভুক্ত কেন্দ্রসমূহ পরিদর্শনপূর্বক উপযোগী আছে মর্মে প্রত্যয়ন প্রদান করেছেন। সুবর্ণখুলি ও খলিশাপচা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্র দুইটির জন্য যথাক্রমে ১,৫০,০০০/- টাকা এবং ১,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ইতোমধ্যে উপজেলা প্রকৌশলীকে মহোদয়কে প্রাক্কলন প্রস্তুতের জন্য পত্র প্রদান করা হয়েছে এবং সংশ্লিষ্ট প্রধান শিক্ষককে প্রাক্কলন মোতাবেক কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ২০২৪ শিক্ষাবর্ষের জন্য সকল শ্রেণির পাঠ্যপুস্তক ১ জানুয়ারি ২০২৪ তারিখে পাঠ্যপুস্তক বিতরণ উৎসবের মাধ্যমে বিতরণ করতে হবে।<br>২। তৃতীয় প্রান্তিক পরীক্ষা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>৩। ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত সুবর্ণখুলি ও খলিশাপচা সরকারি প্রাথমিক বিদ্যালয় বরাদ্দকৃত অর্থে জরুরি ভিত্তিতে মেরামত কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, একটি চক্র সমবায় বিভাগের নাম ভাঙিয়ে বিভিন্ন সুবিধা প্রদানের প্রলোভন দিখিয়ে গ্রামের নারীদের কাছ থেকে অর্থ হাতিয়ে নিচ্ছে। তিনি এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি আরও জানান যে, উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। সমবায় বিভাগের নাম ভাঙিয়ে যাতে কোন চক্র গ্রামের নারীদের কাছ থেকে অর্থ হাতিয়ে নিতে না পারে সে বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ জনসচেতনতা বৃদ্ধি করবে। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ কার্য পত্র পাওয়া যায়নি। তবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, নতুন কারিকুলাম অনুযায়ী মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহে মূল্যায়ন পরীক্ষা চলমান রয়েছে। তিনি আরও জানান যে, ভোট কেন্দ্র হিসেবে নির্ধারিত আদর্শ উচ্চবিদ্যালয়ে আংশিক বাউন্ডারী ওয়াল না থাকায় নিরাপত্তাহীনতার সম্ভাবনা রয়েছে। সভায় উক্ত বিষয়ে আলোচনা করা হয়। | ১। আদর্শ উচ্চ বিদ্যালয় ভোট কেন্দ্রে অস্থায়ীভাবে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ভোট কেন্দ্র হিসেবে ব্যবহৃত হতে এরূপ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানের তথ্য দাখিল করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, সাধারণ ও নির্বাচনী এলাকা ভিত্তিক টিআর ও কাবিটা প্রকল্পের কাজ চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।<br>(১) খাদ্যগুদামে বর্তমান মজুদঃ<br>চাল - ৭৪৮৭.০০০ মেঃ টন, ধান- ০ মেঃ টন, গম- ৮.০০০ মেঃ টন<br>(২) সংগ্রহ কার্যক্রম ঃ বোরো চাল/ধান সংগ্রহ/২০২৩ সমাপ্ত হয়েছে।<br>(৩) বিলি/বিতরণ ঃ জিআর, ইপি,ওপি, ভিডব্লিউবি, ভিজিএফ, খাদ্যবান্ধব, ওএমএস ও টিসিবি খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে। | ১। সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। লক্ষ্যমাত্রা অনুযায়ী আমন চাল ও ধান সংগ্রহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| (৪) **বাজারদর ঃ** ধান - ২৯/- থেকে ৩০/- প্রতি কেজি দর<br>চাল - ৪৩/- থেকে ৪৪/- " " "<br>গম - ৪৮/- থেকে ৫০/- " " "<br>আটা - ৫৫/- থেকে ৫৮/- " " "<br>লবণ- ৩৫/- থেকে ৪০/- " " "<br>চিনি - ১৪০/- থেকে ১৫০/- " " "<br>ডাল (মসুর)- ১১০/- থেকে ১৪০/- " " "<br>সয়াবিন তেল - ১৯০/- থেকে ১৯৫/- " "<br><br>**ওএমএস কার্যক্রম ঃ** বর্তমানে জেলা সদরে ওএমএস কার্যক্রম চলমান আছে। নীলফামারী পৌরসভার ৯ টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রিয় করা হচ্ছে। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা।<br>**ভিডব্লিউবি কার্যক্রমঃ** ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি খাতে নভেম্বর/২০২৩ মাসে পুষ্টি চাল সরবরাহ করা হবে। প্রিমিক্স কার্নেল পাওয়া গেছে। দ্রুত ইউনিয়ন পরিষদে পুষ্টি চাল সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>**চাল/ধান সংগ্রহ/২০২৩ঃ**<br>অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ/২০২৩-২৪ কার্যক্রম গত ২৩ নভেম্বর ২০২৩খ্রিঃ শুরু হয়েছে। প্রতি কেজি চালের সংগ্রহ মূল্য ৪৪/- (চুয়াল্লিশ) টাকা এবং প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩০/- (ত্রিশ) টাকা। ধান ও চালের সংগ্রহের সময়সীমা ২৩/১১/২০২৩খ্রিঃ তারিখ হতে ২৮/০২/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত। নীলফামারী সদর উপজেলায় আমন সংগ্রহ মৌসুমে ১০৩৫ মেঃ টন ধান ও ৪৪৭৩ মেঃ টন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। চলমান মৌসুমে কৃষকের অ্যাপের মাধ্যমে কৃষকের নিকট হতে ধান সংগ্রহ করা হবে। কৃষকের অ্যাপে নতুন কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদনের শেষ তারিখ আগামী ৩০ নভেম্বর ২০২৩খ্রিঃ। গত ২৬/১১/২০২৩খ্রিঃ তারিখ উপজেলায় কৃষকের অ্যাপ প্রচারের জন্য মাইকিং করা হয়েছে। তাছাড়াও চলমান আমন সংগ্রহ মৌসুমে উপজেলার বৈধ লাইসেন্সধারী ৫১ টি হাস্কিং ও ১২ টি অটো মিল মালিকের নিকট হতে আমন চাল সংগ্রহ করা হবে। জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, নীলফামারী কর্তৃক মিলের অনুকূলে বরাদ্দের বিভাজন করা হয়েছে। চাল সংগ্রহের জন্য মিলারদের সহিত সরকারের চুক্তির সময়সীমা ২৩/১১/২০২৩খ্রিঃ তারিখ হতে ০৫/১২/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত।<br>**(৮) ওএমএস কার্যক্রমঃ**<br>নীলফামারী জেলা সদরে ওএমএস কার্যক্রমে কার্ডের মাধ্যমে চাল ও আটা বিক্রয়ের সরকারি নির্দেশনা পাওয়া যায়। বিক্রয় কেন্দ্রে স্ব-শরীরে উপস্থিত ভোক্তাদের নিকট হতে প্রাপ্ত এনআইডি নিয়ে তালিকা প্রস্তুত ও ওএমএস কার্ড তৈরীর কার্যক্রম চলমান রয়েছে। ভোক্তা ওএমএস কার্ড দিয়ে প্রতি সপ্তাহে একবার চাল ও আটা ক্রয় করতে পারবে। এছাড়াও জুলাই/২৩ হতে সারাদেশে ১ কোটি ভোক্তাকে টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস খাতের চাল (ভোক্তা প্রতি মাসে ৫ কেজি) বিক্রয় কার্যক্রম অব্যাহত আছে। নভেম্বর/২৩ মাসে অদ্যাবধি ১৩ (তেরো) টি ইউনিয়নে ওএমএস টিসিবি খাতের চালের ডিও ইস্যু/সরবরাহ করা হয়েছে।<br>**(৯) খাদ্যবান্ধব কর্মসূচীঃ**<br>নীলফামারী সদর উপজেলার ১৫টি ইউনিয়নে নভেম্বর ২৩ মাসে সরকারী নির্দেশনার প্রেক্ষিতে সর্বশেষ অনুমোদিত ৩০৬১৭ জন ভোক্তার মাঝে পুষ্টি চাল সরবরাহ করা হবে। এ লক্ষ্যে পুষ্টি চাল সরবরাহকারী মিল সামসুল হক অটো মিলস (প্রাঃ) লিঃ, সুখধন, রামগঞ্জ, নীলফামারী এর অনুকূলে খাদ্যবান্ধব খাতের প্রিমিক্স কার্নেল ও সাধারণ চাল সরবরাহের ডিও ইস্যু করা হয়েছে। খাদ্যবান্ধব ডিলারগণ পুষ্টি চাল প্রাপ্তির পর হতদরিদ্র ভোক্তার মাঝে সরকার নির্ধারিত মূল্যে ১৫/- (পনেরো) টাকা কেজি দরে বিক্রয় করবেন। | | |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের অক্টোবর ২০২৩ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। পাট ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরীপ প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। আমন ফসলের পূর্বাভাস জরিপ (অংশ-২) প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। ৪র্থ নমুনা দাগগুচ্ছ জরীপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। আউশ ও পাট ফসলের আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৫। এসভিআরএস প্রকল্পের আওতায় জনতাত্বিক বিভিন্ন সূচক নির্ধারণের জন্য নীলফামারী সদর উপজেলার ৩টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্টার ও সুপারভাইজারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।<br>১৮.৬। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কমান্ডার ও ইউনিয়ন দলনেতা/ দলনেত্রীদের নিয়ে নিয়মিত মাসিক সভার আয়োজন করা হয়। এছাড়াও আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে যে কোন ধরণের নাশকতামূলক কর্মকান্ড প্রতিহত করার জন্য এবং আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের নির্দেশ প্রদান করা হয়। চলতি মাসে দুইজন আনসার সদস্যকে মোটর ড্রাইভিং প্রশিক্ষণের জন্য দিনাজপুর প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, নীলফামারী |
| ২১. আইসিটি বিভাগঃ সহকারী প্রোগ্রামার জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বেকার যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করে আত্মনির্ভরশীল গড়ে তুলতে হবে। | সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নীলফামারী সদর |
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(ক্ষুদ্রসেচ): কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| ২৩. নির্বাচন কমিশনঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, নীলফামারী সদর |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয় হতে নির্দেশিত সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। দাপ্তরীক কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থে মাধ্যমিক বিদ্যালয়ে উঁচু-নিচু বেঞ্চ সরবরাহকরণ এবং কমিউনিটি ক্লিনিকের সাথে নতুন ৩টি ডেলিভারি রুম নির্মানের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। তিনি আশা করেন নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হবে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প'র আওতায় অনুমোদিত প্রকল্প দুটির কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |

সভায় জানানো হয় যে, অক্টোবর, ২০২৩খ্রি. মাসে নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২৮/২০২৩-২৪ | ০৮/১০/২০২৩খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর সেপ্টেম্বর ২০২৩ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |

চলমান

| | | | |
|---|---|---|---|
| ২৯/২০২৩-২৪ | ০৮/১০/২০২৩খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর সেপ্টেম্বর ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ৩০/২০২৩-২৪ | ০৮/১০/২০২৩খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর সেপ্টেম্বর ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ৩১/২০২৩-২৪ | ০৮/১০/২০২৩খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির সেপ্টেম্বর ২০২৩ মাসের মজুরি বিল। | ২৩,০০০.০০ |
| ৩২/২০২৩-২৪ | ১৫/১০/২০২৩খ্রি. | সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, নীলফামারী সদরকে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এ বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য আর্থিক সহায়তা প্রদান বিল। | ২০,০০০/- |

**আলোচ্যসূচি বিবিধ ০২। দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তা/ কর্মচারী পরিচয়ে প্রতারক চক্র কর্তৃক জনগণকে হয়রানি ও বেআইনী কার্যকলাপের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সভায় আলোচনাকালে দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ এর ১৮ অক্টোবর ২০২৩ তারিখের ০০.০১.০০০০.১০৩.৩৩.০১৮.১৬/ ৩৮৯৮১(৮৫)নং স্মারকের পত্র উপজেলা নির্বাহী অফিসার পাঠ করে শুনান। উক্ত পত্রে উল্লেখ করা হয়েছে যে, কদুর্নীতি দমন কমিশনের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাদের নাম, পদবি, ছবি ও লোগো ব্যবহার করে সরাসরি মোবাইল ফোন কল, হোয়াটসঅ্যাপ, সিগন্যাল, ফেসবুক, মেসেঞ্জার, ইনস্টাগ্রামসহ বিভিন্ন অন-লাইন প্লাটফর্মে ভুয়া আইডি খুলে কমিশনের লোগো, প্যাড এবং সিল জাল করে এক শেণির প্রতারক চক্র মাননীয় মন্ত্র, সংসদ সদস্য, সরকারি উচ্চপদস্থ কর্মকর্তা ও ব্যবসায়ীদের কল বা এসএমএস প্রদান করাসহ ভুয়া নোটিশ প্রেরণ করছে।

প্রতারক চক্র টার্গেটকৃত ব্যক্তিবর্গকে তাদের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে দুর্নীতির অভিযোগ রয়েছে মর্মে উল্লেখপূর্বক ভয়-ভীতি প্রদর্শনের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তির আশ্বাস দিয়ে তাদের নিকট হতে সরাসরি, ব্যাংক, বিকাশ, নগদ ও অন্যান্য মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা আদায়সহ অনৈতিক সুবিধা গ্রহণ করে প্রতারণা করে আসছে। যা বিভিন্ন সময়ে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত হয়েছে। প্রতারক চক্রটি উদ্দেশ্য প্রণোদিতভাবে প্রতারণার মাধ্যমে অর্থ উপার্জন এবং দুর্নীতি দমন কমিশনের সুনামহানির উদ্দেশ্যে এ ধরনের প্রতারণামূলক কার্য পরিচালনা করছে। প্রতারক চক্রের এ ধরণের কার্যকলাপ সমাজের বিভিন্ন শ্রেণি পেশার ব্যক্তিদের সম্মানহানী ও হয়রানিসহ সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন বাধাগ্রহস্থ করছে। এতে দুর্নীতি দমন কমিশনের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে, যা অনাকাঙ্খিত ও অনভিপ্রেত।

প্রতারক চক্র কর্তৃক দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তা/ কর্মচারী পরিচয় দিয়ে প্রতারণা ও চাঁদাবাজির কোন বিষয় নজরে আসলে তা দুর্নীতি দমন কমিশনের সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের উপপরিচালকের গোচরীভূত করার জন্য অনুরোধ করেন।

**আলোচ্যসূচি বিবিধ ০৩ ঃ নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত।**

সভায় আলোচনাকালে জেলা নিরাপদ খাদ্য অফিসার জানান যে, বাজারে বিভিন্ন সাক-শবজি বিক্রি হয়ে থাকে। এসব সাক-শবজিতে হরমন জাতীয় কীটনাশক ব্যবহার করে খুব কম সময়ে বৃদ্ধি পায়। যা মানব দেহের জন্য অত্যন্ত ক্ষতিকারক। কৃষকগণ যাতে সাক-শবজিতে হরমন জাতীয় কীটনাশক ব্যবহার না করে সে বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য তিনি উপজেলা কৃষি অফিসার এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত :** নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার আওতায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সমন্বয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য জেলা নিরাপদ খাদ্য অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি বিবিধ ০৪ : উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ মেরামত প্রসঙ্গে।**

সভায় আলোচনাকালে জনাব সান্তনা চক্রবর্তী, মহিলা ভাইস চেয়ারম্যান জানান যে, তার অফিস কক্ষের ওয়াল স্যাঁতসেঁতে, জানালার পর্দা দীর্ঘদিনের পুরাতন এবং সংযুক্ত টয়লেটে পানি না আসাসহ কমড ব্যবহার অনুপযোগি হয়ে পরেছে। বর্ণিত সমস্যাগুলি সমাধানের জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ ও সংযুক্ত টয়লেট মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি বিবিধ ০৫ : খোকশাবাড়ী ইউনিয়ন পরিষদের জরাজীর্ণ পুরাতন ভবন নিলামে বিক্রয় প্রসঙ্গে।**

সভায় আলোচনাকালে জনাব প্রশান্ত রায়, চেয়ারম্যান, ৩নং খোকশাবাড়ী ইউনিয়ন পরিষদ, নীলফামারী সদর জানান যে, তার ইউনিয়ন পরিষদের নতুন ভবনের সামনে ১টি পুরাতন ভবন দীর্ঘদিন যাবত জরাজীর্ণ রয়েছে। উক্ত ভবনটির কারনে ইউনিয়ন পরিষদ মাঠ সংকীর্ণ হওয়ায় ভিজিএফ, ভিজিডিসহ অন্যান্য বিতরণে স্থান সংকুলান হয়না। ভবনটি অপসারণ করা হলে ইউনিয়ন পরিষদ মাঠটি একটি দৃষ্টি মাঠে পরিণত করা সম্ভব হবে মর্মে তিনি মত ব্যক্ত করেন। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** খোকশাবাড়ী ইউনিয়ন পরিষদের জরাজীর্ণ পুরাতন ভবনটি নিলামে বিক্রয়/ অপসারণের লক্ষ্যে চেয়ারম্যান, খোকশাবাড়ী ইউনিয়ন পরিষদ, নীলফামারী সদর প্রস্তাব দাখিল করবেন এবং উপজেলা প্রকৌশলী, নীলফামারী সদর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

CS CamScanner

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১. ৫৭(৫০)

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বরর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা..........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান,........................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

২৮/১১/২০২৩

(মোঃ মেহেদী হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০২৫৮৯৯৫৫১৮১
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

২৮/১১/২৩

CamScanner